# কৃষি আবহাওয়া বার্তা

**রাজ্য: পশ্চিমবঙ্গ** **তারিখ: ২৫-০৫-২০২৩**

গত ৩ দিনের ০৮৩০ ভারতীয় সময় পর্যবেক্ষণের ভিত্তিতে আবহাওয়ার বিবরণ (২২-০৫-২০২৩ থেকে ২৪-০৫-২০২৩ সকাল ০৮৩০ ভারতীয় সময়ের পর্যবেক্ষণ পর্যন্ত )।

**উক্ত সময়ের মধ্যে:**

**২২ মে**: গাঙ্গেয় পশ্চিমবঙ্গের পুরুলিয়া ও পশ্চিম বর্ধমান জেলার দুয়েক জায়গায় তাপ প্রবাহের পরিস্থিতি ছিল|

উক্ত সময়ের মধ্যে নিম্নলিখিত জায়গার উপর দিয়ে ঝোড়ো দমকা হাওয়া বয়ে গিয়েছিল :

| স্থান | সময় | দিক | সর্বোচ্চ গতিবেগ(কিমি/ঘন্টা) | স্থায়িত্ব(মিনিট) |
|---|---|---|---|---|
| মালদা | ২০:১১ | দক্ষিণ-পূর্ব | ৪৪ | ০২ |

উক্ত সময়ের মধ্যে শিলাবৃষ্টি হয়েছে পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জলপাইগুড়ি জেলার দুয়েক জায়গায়:

| স্থান | সময় | ব্যাস(সেমি) |
|---|---|---|
| জলপাইগুড়ি | ১৫:১০ থেকে ১৫:১৭ | ০.৬ |

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের অনেক জায়গায় অতি হালকা থেকে মাঝারি বৃষ্টিপাত হয়েছে| গাঙ্গেয় পশ্চিমবঙ্গের মুর্শিদাবাদ জেলার দুয়েক জায়গায় অতি হালকা থেকে হালকা বৃষ্টিপাত হয়েছে| গাঙ্গেয় পশ্চিমবঙ্গের পূর্ব মেদিনীপুর, নদীয়া ও উত্তর ২৪ পরগনা জেলার দুয়েক জায়গায় অতি হালকা বৃষ্টিপাত হয়েছে| পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক ছিল।

**উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার)** : মাঝিয়ান, ঝালং: ২; সেবক, আলিপুরদুয়ার, বারোবিশা, হাসিমারা, জলপাইগুড়ি, কুমারগ্রাম, বহরমপুর: ১

**<u>২৩ মে</u>**: পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দুয়েক জায়গায় অতি হালকা থেকে হালকা বৃষ্টিপাত হয়েছে| গাঙ্গেয় পশ্চিমবঙ্গের দুয়েক জায়গায় অতি হালকা বৃষ্টিপাত হয়েছে| পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক ছিল |

**<u>উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার)</u>** : নেই

**<u>২৪ মে</u>**: উক্ত সময়ের মধ্যে নিম্নলিখিত জায়গার উপর দিয়ে ঝোড়ো দমকা হাওয়া বয়ে গিয়েছিল :

| স্থান | সময় | দিক | সর্বোচ্চ গতিবেগ(কিমি/ ঘন্টা) | স্থায়িত্ব(মিনিট) |
|---|---|---|---|---|
| আলিপুর | ১৭:০৭ | উত্তর-পশ্চিম | ৭৮ | ০১ |
| দমদম | ১৭:০০ | উত্তর-পশ্চিম | ৭২ | ০১ |
| মালদা | ১২:৪২ | উত্তর-পূর্ব | ৫২ | ০৩ |

গাঙ্গেয় পশ্চিমবঙ্গের বীরভূম ও পশ্চিম বর্ধমান জেলার দুয়েক জায়গায় শিলাবৃষ্টি হয়েছে| পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের কালিম্পঙ জেলার দুয়েক জায়গায় ভারী বৃষ্টিপাত হয়েছে| গাঙ্গেয় পশ্চিমবঙ্গের অধিকাংশ জায়গায় এবং পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের অনেক জায়গায় অতি হালকা থেকে মাঝারি বৃষ্টিপাত হয়েছে|

**<u>উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার)</u>** : কোচবিহার, রানীগঞ্জ: ৫; মাঝিয়ান, ঘেরপাড়া, দুর্গাপুর, পাকুড়িয়া, ঝালং: ৩; পুন্ডিবাড়ি, বালুরঘাট, বার্নপুর, পুরুলিয়া:২; নাগারকাটা, মালদা, শ্রীনিকেতন, আসানসোল, বর্ধমান, লুচিপুর, কৃষ্ণনগর, বসিরহাট, মেদিনীপুর, মোহনপুর: ১

**<u>আপেক্ষিক আর্দ্রতা (শতাংশে ):</u>** উক্ত সময়ের মধ্যে পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলোতে ইহা ছিল ৬৫ থেকে ৯৬ শতাংশ এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলোতে ইহা ছিল ৫৬ থেকে ৮৯ শতাংশ |

**<u>সর্বোচ্চ তাপমাত্রা:</u>** উক্ত সময়ের মধ্যে রাজ্যের সমতলাংশে ২২-০৫-২০২৩ ও ২৩-০৫-২০২৩ তারিখে পুরুলিয়া তে সর্বোচ্চ তাপমাত্রা ৪২.৩ ডিগ্রী সেলসিয়াস ছিল।

## দিনের সর্বোচ্চ তাপমাত্রা

| তারিখ | স্বাভাবিক | স্বাভাবিকের থেকে | | | |
|---|---|---|---|---|---|
| | | ২-৪ ডিগ্রি সেলসিয়াস কম | ৫-৬ ডিগ্রি সেলসি. যাস কম | ২-৪ ডিগ্রি সেলসিয়াস বেশী | ৫-৬ ডিগ্রি সেলসি. যাস বেশী |
| | জায়গার নাম | জায়গার নাম | জায়গার নাম | জায়গার নাম | জায়গার নাম |
| ২২-০৫-২০২৩ | কালিম্পং, জলপাইগুড়ি কোচবিহার, মালদা, বালুরঘাট, বহরমপুর, কৃষ্ণনগর, মেদিনীপুর, আলিপুর, দীঘা | -- | -- | দার্জিলিং, দমদম, কাঁথি | -- |
| ২৩-০৫-২০২৩ | কালিম্পং, বহরমপুর, কৃষ্ণনগর, দীঘা | মালদা, বালুরঘাট | -- | দার্জিলিং, জলপাইগুড়ি, কোচবিহার, মেদিনীপুর, আলিপুর, দমদম, কাঁথি | -- |
| ২৪-০৫-২০২৩ | কালিম্পং, বালুরঘাট , বহরমপুর, দমদম, দীঘা | মালদা, কৃষ্ণনগর, মেদিনীপুর, আলিপুর | -- | দার্জিলিং, জলপাইগুড়ি, কোচবিহার, কাঁথি | -- |

**<u>পরবর্তী ৩ দিনের আবহাওয়ার পূর্বাভাস :</u>**

**২৫ মে (দিন ১) -**

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলোর অধিকাংশ জায়গায় এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলোর অনেক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের ভারী সম্ভাবনা আছে| পশ্চিমবঙ্গে আগামী ৩ দিন, দিনের তাপমাত্রায় বড় কোনো পরিবর্তন হবে না; পরবর্তী ২ দিন, দিনের তাপমাত্রা ধীরে ধীরে ২-৩ ডিগ্রী সেলসিয়াস বাড়বে|

**২৬ মে (দিন ২)–**

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং, কালিম্পঙ, জলপাইগুড়ি, কোচবিহার ও আলিপুরদুয়ার জেলার অধিকাংশ জায়গায়; পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের মালদা, উত্তর ও দিনাজপুর জেলার এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলোর অনেক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের ভারী সম্ভাবনা আছে|

**২৭ মে (দিন ৩) –**

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং, কালিম্পঙ, জলপাইগুড়ি, কোচবিহার ও আলিপুরদুয়ার জেলার অনেক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের ভারী সম্ভাবনা আছে| পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের বাকি জেলাগুলির এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলির কয়েক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের সম্ভাবনা আছে|

**সতর্কীকরণ:**

**২৫ মে (দিন ১) -**

১) গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলোর দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎসহ দমকা ঝোড়ো হাওয়ার (সর্বোচ্চ গতিবেগ ৫০-৬০ কিমি প্রতি ঘন্টা) সম্ভাবনা আছে|

২) পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলোর দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎসহ ঝোড়ো হাওয়ার (সর্বোচ্চ গতিবেগ ৪০-৫০ কিমি প্রতি ঘন্টা) সম্ভাবনা আছে|

৩) পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের মালদা, উত্তর ও দিনাজপুর জেলার এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের  বীরভূম, মুর্শিদাবাদ, পশ্চিম বর্ধমান, পুরুলিয়া, বাঁকুড়া, ঝাড়গ্রাম এবং পশ্চিম মেদিনীপুর  জেলায় শিলাবৃষ্টির সম্ভাবনা আছে|

৪) পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের কালিম্পঙ, জলপাইগুড়ি, কোচবিহার ও আলিপুরদুয়ার জেলার দুয়েক জায়গায়  ভারী বৃষ্টিপাতেরসম্ভাবনা আছে|

## **২৬ মে (দিন ২)–**

১) পশ্চিমবঙ্গের সব জেলাগুলোর দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎসহ ঝোড়ো হাওয়ার (সর্বোচ্চ গতিবেগ ৪০-৫০ কিমি প্রতি ঘন্টা) সম্ভাবনা আছে|

২) পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের কালিম্পঙ, কোচবিহার ও আলিপুরদুয়ার জেলার দুয়েক জায়গায়  ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা আছে|

## **২৭ মে (দিন ৩) –**

পশ্চিমবঙ্গের সব জেলাগুলোর দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎসহ ঝোড়ো হাওয়ার (সর্বোচ্চ গতিবেগ ৩০-৪০ কিমি প্রতি ঘন্টা) সম্ভাবনা আছে|

**পরবর্তী ২ দিনের অনুমান** :  সামান্য পরিবর্তন হবে।

পক্ষে

আঞ্চলিক আবহাওয়া কেন্দ্র , আলিপুর, কলকাতা-২৭

২৫-০৫-২০২৩